

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.itiiu.org

নথি নং- কর্মচারী নিয়োগ/আয়কর গোয়েন্দা/জারাবো/২০২৩-২০২৪/১১৮

তারিখ : ০৩/১০/২০২৪ খ্রি.

নিয়োগ পত্র


আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত “প্রধান সহকারী” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩ তম গ্রেডে (১১,০০০-২৬,৫৯০/- টাকার স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	রোল নম্বর	নিজ জেলা
০১	মোঃ মিরাজুল ইসলাম পিতা : নূর মোহাম্মদ মাতা : সাবিনা বেগম স্থায়ী ঠিকানা : হোস্টিং নং-১৩৫০, বাবুপাড়া, ডাকঘর : জয়পুরহাট, উপজেলা : জয়পুরহাট সদর, জেলা : জয়পুরহাট	১২০০০৭৪৪	জয়পুরহাট

নিয়োগের শর্তাবলি :


- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
- যোগদানের সময় এ নিয়োগ পত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য সনদ এবং ডোপটেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- নিয়োগ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৬ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখে কর কমিশনারের কার্যালয়, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (কক্ষ নং-৩১০, রাজস্ব ভবন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭) বরাবর নিয়োগ পত্র দাখিল করতে হবে।


(মোহাম্মদ আবদুর রকিব)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট।

অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। জনাব/বেগম,.....
- ৭। অফিস কপি/মাস্টার ফাইল।


০৩/১০/২০২৪
(শাহ মোঃ নূর-ই-হুদা)
উপ কর কমিশনার
(সদর দপ্তর প্রশাসন)
আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট